তারিখ ... 23 JUN 2016 ...
পৃ ১৪ ... কলাম ... ৬ ...

দৈনিক
ইত্তেফাক

# চারঘাটে ব্যবহারিক পরীক্ষায় ফি নেয়ার অভিযোগ

■ চারঘাট (রাজশাহী) সংবাদদাতা

চারঘাটে এইচএসসির ব্যবহারিক পরীক্ষায় অবৈধভাবে ফি আদায়ের অভিযোগ পাওয়া গেছে।

পরীক্ষার্থীরা ফরম পূরণের সময়ই শিক্ষাবোর্ড নির্ধারিত ব্যবহারিক পরীক্ষার ফি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে দেয়। ব্যবহারিক পরীক্ষার সময় আবার ফি নেয়ার নিয়ম নেই। কিন্তু যে সকল কলেজে পরীক্ষা কেন্দ্র রয়েছে সে সকল কলেজের ব্যবহারিক বিষয়ের শিক্ষকরা অবৈধভাবে পরীক্ষার্থীদের কাছ থেকে পূর্ণ নম্বর দেয়ার কথা বলে অতিরিক্ত টাকা আদায় করছে। নাম প্রকাশে অনিচ্ছুক কয়েকজন পরীক্ষার্থী জানিয়েছেন, টাকা দিতে না চাইলে ব্যবহারিক পরীক্ষায় ফেল করিয়ে দেয়ার হুমকি দেয়া হয়। সরদহ কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ ও কেন্দ্র সচিব আনোয়ারা বেগম বলেন, ব্যবহারিক পরীক্ষায় অনেক খরচ হয়। তাই পরীক্ষার্থীদের কাছ থেকে সামান্য কিছু অর্থ আদায় করা হয়।